

“বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি”

তথ্য নির্দেশিকা

- ০১। “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি”- কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটিসমূহের মূল সমন্বয়কের দায়িত্ব পালন করবেন সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণ। “বাছাই কমিটির পর্যায় ভিত্তিক কাঠামো নির্দেশিকায়” সকল কমিটির সদস্য সচিবগণের কার্যপরিধি উল্লিখিত রয়েছে।
- ০২। বাছাই সংক্রান্ত কাজের জন্য আর্থিক-বিভাজন পত্রের সাথে সংযুক্ত করা হয়েছে, যা অবিলম্বে সংশ্লিষ্ট জেলা / আঞ্চলিক কার্যালয়ের অনুকূলে বাজেট বরাদ্দ হিসেবে প্রেরণ করা হবে।
- ০৩। উপজেলা পর্যায়ের কার্যক্রম ইতঃপূর্বে সম্পন্ন হয়েছে। জেলা, অঞ্চল ও জাতীয় পর্যায়ের বাছাই কমিটি গঠনের রূপরেখা ‘বাছাই কমিটি কাঠামোর নির্দেশিকায়’ দেওয়া আছে।
- ০৪। সদস্য সচিবগণ নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক ও সদস্যগণের সঙ্গে যোগাযোগ করবেন।
- ০৫। জেলা পর্যায়ের কমিটির আহ্বায়ক ও সদস্য সচিব নির্ধারণে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট অঞ্চলের পরিচালক তত্ত্বাবধান করবেন।
- ০৬। সদস্য সচিবগণ আহ্বায়ক এর পরামর্শ নিয়ে কমিটি গঠন নিশ্চিত করবেন এবং নিচে প্রদত্ত সময় নির্দেশিকায় উল্লিখিত সুনির্দিষ্ট কালসীমা ও কার্যদিবস অনুযায়ী তারিখ ও কাজের সময় নির্ধারণ করবেন।
- ০৭। বাছাই কমিটির সদস্যগণ প্রেরিত মূল্যায়ন ছক অনুযায়ী নম্বর প্রদান করবেন।
- ০৮। প্রাপ্ত নম্বর উল্লেখ করে প্রেরিত ছক অনুযায়ী ফলাফল শিট (২ সেট) প্রস্তুত করতে হবে।
- ৯। বাছাই কমিটির কাজ সম্পন্ন হলে ফলাফল শিটে আহ্বায়কসহ কমিটির সকল সদস্য স্বাক্ষর করবেন।
- ১০। নির্বাচিত ডকুমেন্টরি / ডকুমেন্টরিসমূহ ফলাফল শিটের এক কপি সহ একটি খামে জমা করতে হবে এবং নির্ধারিত কমিটির কালসীমার পরদিন দুপুর ১২:০০ টায় পরবর্তী পর্যায়ের সদস্য সচিবের নিকট হাতে হাতে জমা দিবেন।
- ১১। সদস্য সচিব নির্বাচিত ডকুমেন্টরিসমূহ মূল্যায়ন ছক ও ফলাফল শিটের এক সেট অনুলিপি সহ অন্য একটি প্যাকেটে অথবা প্লাস্টিকের বস্তায় সংরক্ষণ করবেন এবং পরবর্তী ৭ দিনের মধ্যে তা স্ব স্ব অঞ্চলের আঞ্চলিক পরিচালকের নিকট জমা দিবেন।
- ১২। ফলাফল তৈরির ১০ দিনের মধ্যে সুবিধাজনক একটি সময়ে বিজয়ী স্কুল প্রধান আহ্বায়কের কাছ থেকে পুরস্কার গ্রহণ করবেন এবং এ বিষয়ে সদস্য সচিব যাবতীয় উদ্যোগ গ্রহণ করবেন।
- ১৩। বাছাই কার্যক্রম সম্পন্ন হলে যাবতীয় ব্যয় বিবরণী ও বিল ভাউচার স্থানীয় হিসাবরক্ষণ অফিসে সমন্বয় করে প্রয়োজনীয় অর্থ উত্তোলনের বিষয়ে সংশ্লিষ্ট সদস্য সচিব দায়িত্ব পালন করবেন। যে সকল সদস্য সচিবগণের আর্থিক উত্তোলন ক্ষমতা নেই, তাঁরা তাঁদের পরবর্তী উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করবেন।

সময় নির্দেশিকা

ধাপসমূহ	কালসীমা	মোট কার্যদিবস	তারিখ ও কাজের সময়
জেলা পর্যায়	২০-২৩ ফেব্রুয়ারি ২০২১	৪ দিন	আহ্বায়কের পরামর্শক্রমে নির্ধারিত হবে
অঞ্চল পর্যায়	২৭-০২ মার্চ ২০২১	৪ দিন	
জাতীয় পর্যায়	০৬-১৪ মার্চ ২০২১	৯ দিন	